

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭(অংশ-১)

তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০১৯
৯ আশ্বিন ১৪২৬

প্রজ্ঞাপন


যেহেতু, ডা: হংসুপতি সিকদার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), পিরোজপুর সদর, পিরোজপুর এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল)' বিধিমালা, ২০১৮-এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে অত্র বিভাগের গত ১৯/০৬/২০১৯ খ্রি: তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭(অংশ-১)-৫৩ নং স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি-না তাও জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলায় কারণ দর্শানোর নোটিশের লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ১৯/০৯/২০১৯ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযুক্তের জবানবন্দি, কনডাক্টিং অফিসার এর বক্তব্য, উপ-পরিচালকের প্রতিবেদন ও নথিপত্র পর্যালোচনায় অভিযোগের ভিত্তি সম্পর্কে যথেষ্ট সন্দেহ আছে বলে প্রতীয়মান হয়;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা: হংসুপতি সিকদার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), পিরোজপুর সদর, পিরোজপুরকে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর অভিযোগে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(শেখ ইউসুফ হারুন)
সচিব

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৩২.১৭(অংশ-১)৩০২

তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০১৯
৯ আশ্বিন ১৪২৬

অনুলিপি, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

২। পরিচালক (প্রশাসন) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (তথ্যটি সংশ্লিষ্ট রেজিষ্টারে/কম্পিউটারে সংরক্ষণের অনুরোধসহ)।

৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করে প্রকাশিত গেজেটের ০৫ কপি নিম্নস্বাক্ষরকারী নিকট প্রেরণের অনুরোধসহ)

৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পিরোজপুর।

✓ ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পঃ কঃ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৬। ডা: হংসুপতি সিকদার, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), পিরোজপুর সদর, পিরোজপুর।

(রেবেককা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫২২৬